

Ex/ARTS/BNG/UG/5.33(CORE)/2025

কলাস্নাতক অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

(তৃতীয় বর্ষ, প্রথম সেমেষ্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি - ৫.৩৩(কোর)

বিষয় : কবিতা ও নাটক, পর্ব-২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

প্রতি বর্গ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

বর্গ-১

- ১। মৃদু অনুচ্চকিত ভঙ্গিতে কথা বুনে প্রণবেন্দু দাশগুপ্ত নিজের যে বিশিষ্ট কাব্যরীতি গড়ে তুলেছিলেন, তোমার পড়া দু-তিনটি কবিতার সূত্রে তার পরিচয় দাও। ১০
- ২। ছোটোগল্পের ইশারা জয় গোস্বামীর কবিতায় খুঁজে পাওয়া যায় বারবার। ‘বিষাদ’ কবিতা-বই থেকে এমন দু-একটি লেখা উল্লেখ করে কবিতায় নিহিত গল্প কীভাবে হাজির হয়েছে আলোচনা করো। ১০
- ৩। ভাস্কর চক্রবর্তীর যে লেখাগুলি তুমি পড়েছ তার ভিত্তিতে কবি সম্পর্কে তোমার যে ধারণা হয়েছে সংক্ষেপে, প্রয়োজনীয় উদ্ধৃতিসহ তা লিখে জানাও। ১০

BNG-1151

[Turn Over]

(২)

- ৪। সুখের বা আনন্দের সময় নয় বলে শক্তির কবিতা আসলে যে সময়টিকে চিহ্নিত করেছে সেটি কেমন? এই সময়ের যে চেহারা কবি হাজির করেছেন সে বিষয়ে তোমার নিজের বক্তব্য উপস্থিত করো। ১০

বর্গ-২

- ৫। ‘অঙ্গার’ নাটকের রাজনৈতিক তাৎপর্য কী, বুঝিয়ে দাও। কয়লাখনির ভিতরের এবং ওপরের শ্রমিকজীবনের অনুপুঙ্খ রচনায় নাট্যকারের কৃতিত্ব কীরকম, তা আলোচনা করো। ১০
- ৬। আপাতভাবে অ্যাবসার্ড হলেও ‘গর্ভবতী বর্তমান’ নাটকে সমাজের যে ভয়াবহ চেহারা ফুটে ওঠে সে সম্পর্কে আলোচনা করো। ১০
- ৭। একাঙ্ক নাটক বলতে কী বোঝা? দৃষ্টান্তসহ সার্থক একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ৩+৭

★ ★ ★

BNG-1151

XX24(113)—75